

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১০৯০

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮. তাকবীর (তাহরীমা) বলা এবং নামাযের শুরুতে, রুকূতে যেতে ও রুকূ থেকে। উঠতে উভয় হাত (উপরে) উঠানো এবং এর পরিমাণ ও এ সম্পর্কিত হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ ذِكْرِ التَّكْبِيرِ وَرَفْعِ الْيَدَيْنِ عِنْدَ الْافْتِتَاحِ وَالرُّكُوعِ وَالرَّفْعِ مِنْهُ ، وَقَدْرِ ذَلِكَ ، وَاخْتِلَافِ الرَّوَايَات

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي بَكْرٍ الْوَاسِطِيُّ ، ثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ سَعْدٍ ، حَدَّثِنِي عَمِّي ، ثَنَا ابْنُ أَخِي الزُّهْرِيِّ ، عَنْ عَمِّهِ ، أَخْبَرَنِي سَالِمٌ ؛ أَنَّ عَبْدَ اللَّهِ ، قَالَ : " كَانَ رَسُولُ اللَّهِ _ ابْنُ أَخِي الزُّهْرِيِّ ، عَنْ عَمِّهِ ، أَخْبَرَنِي سَالِمٌ ؛ أَنَّ عَبْدَ اللَّهِ ، قَالَ : " كَانَ رَسُولُ اللَّهِ صَلَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ إِذَا قَامَ إِلَى الصَّلَاةِ رَفَعَ يَدَيْهِ ، حَتَّى إِذَا كَانَتَا حَدْوَ مَنْكِبَيْهِ كَبَّرَ وَهُمَا كَذَلِكَ ، ثُمَّ يَرْكَعُ رَفَعَهُمَا حَتَّى يَكُونَا حَدْوَ مَنْكِبَيْهِ وَكَبَّرَ وَهُمَا كَذَلِكَ ، ثُمَّ يَرْكَعُ مَ فَعَهُمَا حَتَّى يَكُونَا حَدْوَ مَنْكِبَيْهِ وَكَبَّرَ وَهُمَا كَذَلِكَ ، ثُمَّ يَرْكَعُ مُ ثُمَّ اللَّهُ لِمَنْ حَمِدَهُ إِذَا أَرَادَ أَنْ يَرْفَعَ صَلُبُهُ رَفَعَهُمَا حَتَّى تَكُونَا حَدْوَ مَنْكِبَيْهِ ، ثُمَّ قَالَ : سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ إِذَا أَرَادَ أَنْ يَرْفَعَ صَلُبُهُ رَفَعَهُمَا حَتَّى تَكُونَا حَذْقَ مَنْكِبَيْهِ ، ثُمَّ قَالَ : سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ ، ثُمَّ يَسْجُدُ فَلَا يَرْفَعُ يَدَيْهِ فِي شَيْءٍ مِنَ السُّجُودِ ، وَيَرْفَعُهُمَا فِي كُلِّ رَكْعَةٍ وَتَكْبِيرَةٍ يُكَبِّرُهَا وَبُلُ الرُّكُوعِ ، حَتَّى تَنْقَضِي صَلَاتُهُ وَ عَلَا الرُّكُوعِ ، حَتَّى تَنْقَضِي صَلَاتُهُ

বাংলা

১০৯০(৯). আহমাদ ইবনে মুহাম্মাদ ইবনে আবু বাকর আল-ওয়াসিতী (রহঃ) ... আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম যখন নামাযে দাঁড়াতেন তখন তাঁর হস্তদ্বয় উত্তোলন করতেন, এমনকি তা তাঁর উভয় কাঁধ বরাবর উন্নীত হতেই তাকবীর (তাহরীমা) বলতেন, অতঃপর যখন রুকৃতে যাওয়ার ইচ্ছা করতেন তখনও তা তাঁর উভয় কাঁধ পর্যন্ত উন্নীত হতো, অতঃপর এই অবস্থায় তাকবীর বলে রুকৃতে যেতেন। অতঃপর যখন তিনি (রুকৃ থেকে) নিজের পিঠ উঠানোর ইচ্ছা করতেন তখনও তার হস্তদ্বয় তাঁর উভয় কাঁধ বরাবর উন্নীত করতেন, অতঃপর বলতেনঃ সামিআল্লাহ্ছ লিমান হামিদাহ (যে ব্যক্তি আল্লাহর প্রশংসা করে তিনি তা শুনেন)। অতঃপর তিনি সিজদা করতেন এবং সিজদার কোন অবস্থায় তিনি তার হস্তদ্বয় উত্তোলন করতেন না। তিনি প্রতি রাকআতে রুকৃর পূর্বে তাকবীর বলার সময় তার হস্তদ্বয় উপরে তুলতেন। এই নিয়মে তিনি তাঁর নামায় সমাপ্ত করতেন।



হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন